

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)



স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/হি.শা./AFR/২০১৭/ ৬৭৫৯ তারিখ: ২১.১২.২০২১ খ্রি.

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় সরবরাহকৃত স্থায়ী সম্পদসমূহের গায়ে ট্যাগ/লেবেল অঙ্কন।



সূত্র : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৪০/DLI7 (Part-1)/২০১৬/১৩০২; তারিখ: ১৭.১১.২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর ঋণচুক্তির শর্তানুসারে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) কর্তৃক প্রতি বছর Annual Fiduciary Review (AFR) সম্পাদন করা হয়। বর্ষিত AFR সম্পাদনের নিমিত্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর অধীন মাধ্যমিক শিক্ষা সংশ্লিষ্ট সংস্থা/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। ইতোমধ্যে সম্পাদিত AFR-সমূহে সরকারি ক্রয় ও ব্যবস্থাপনা বিষয়ে গুরুত্বপূর্ণ সুপারিশ প্রদান করা হয়েছে। তন্মধ্যে বিভিন্ন ধরনের স্থায়ী সম্পদ-এর গায়ে (অফিস সরঞ্জামাদি, আসবাবপত্র, মোটর গাড়ি, মোটর সাইকেল ইত্যাদি) ট্যাগ/লেবেল অঙ্কন অন্যতম। সরকারি অর্থে ক্রয়কৃত সম্পদসমূহের গায়ে ট্যাগ/লেবেল অঙ্কন করার আবশ্যিকতা থাকলেও তা যথাযথভাবে পালন না করার ফলে প্রতি বছর এ নিয়মটি প্রতিপালনের জন্য AFR রিপোর্টে সুপারিশ করা হয়। উল্লেখ্য ইতোপূর্বে স্থায়ী সম্পদে ট্যাগ/লেবেল অঙ্কনের জন্য সংশ্লিষ্ট সংস্থা/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানকে তাগিদ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, দ্রুততম সময়ের মধ্যে নিম্নবর্ণিত নমুনা অনুযায়ী সরবরাহকৃত স্থায়ী সম্পদসমূহের গায়ে অমোচনীয় রং ব্যবহার করে ট্যাগ/লেবেল অঙ্কন করার জন্য অনুরোধ করা হলো:

ট্যাগ/লেবেল অঙ্কনের নমুনা: মাউশি/সেসিপ\* /জেসিঅ\*\* /চেয়ার-১\*\*\*  
\* সরবরাহকৃত দপ্তরের সংক্ষিপ্ত নাম  
\*\* সংশ্লিষ্ট দপ্তরের সংক্ষিপ্ত নাম  
\*\*\* স্থায়ী সম্পদের নাম ও ক্রম।

বিষয়টি অতীব জরুরি।

  
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)  
প্রোগ্রাম পরিচালক, সেসিপ  
ও  
মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  


বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।
২. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)।
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)।
৪. প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. Mr. S.M. Ebadur Rahman, Senior Social Sector Officer (Education & Health), ADB-BRM.
৩. পি এ টু প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. পি এ টু যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৫. সংরক্ষণ নথি।